# বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

## জরিপোত্তর যাচাই জরিপ (PEC) ২০২১ এর তথ্যছক পূরণের নির্দেশিকা

১। ১ নং প্রশ্নে শিক্ষা প্রতিষ্ঠানের নাম স্বীকৃতিপত্র মোতাবেক বাংলায় স্পষ্টাক্ষরে এবং ইংরেজিতে বড় হাতের অক্ষর (Block letter) এ লিখতে হবে।

২। ২ নং প্রশ্নে প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিন।

৩। কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানে বিষেশতঃ স্কুল ও কলেজে ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ইংরেজি ভার্সনে পাঠদান করা হয়। এরূপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩ নং প্রশ্নে হ্যাঁ অপশনে টিক দিন। অন্যথায় না অপশনে টিক দিন।

৪। ৪ নং প্রশ্নে প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিন।

৫। ৫ নং প্রশ্নে প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিন।

৬। ৬ নং প্রশ্নে শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ অনুযায়ী নিম্নোক্ত প্রযোজ্য শ্রেণিসমূহ অনুসারে শিক্ষার্থীর তথ্য লিপিবদ্ধ করুনঃ

| **১. স্কুল** | **২. কলেজ** | **৩. স্কুল এন্ড কলেজ** | **৪. মাদ্রাসা** |
|---|---|---|---|
| ৬ষ্ঠ | একাদশ (মানবিক) | ৬ষ্ঠ | ৬ষ্ঠ |
| ৭ম | একাদশ (বিজ্ঞান) | ৭ম | ৭ম |
| ৮ম | একাদশ (ব্যবসায় শিক্ষা) | ৮ম | ৮ম |
| ৯ম (মানবিক) | একাদশ (অন্যান্য) | ৯ম (মানবিক) | ৯ম (সাধারণ) |
| ৯ম (বিজ্ঞান) | দ্বাদশ (মানবিক) | ৯ম (বিজ্ঞান) | ৯ম (বিজ্ঞান) |
| ৯ম (ব্যবসায় শিক্ষা) | দ্বাদশ (বিজ্ঞান) | ৯ম (ব্যবসায় শিক্ষা) | ৯ম (মোজাব্বিদ) |
| ১০ম (মানবিক) | দ্বাদশ (ব্যবসায় শিক্ষা) | ১০ম (মানবিক) | ৯ম (হিফজুল কোরআন) |
| ১০ম (বিজ্ঞান) | দ্বাদশ (অন্যান্য) | ১০ম (বিজ্ঞান) | ১০ম (সাধারণ) |
| ১০ম (ব্যবসায় শিক্ষা) | এইচএসসি (ভোক) | ১০ম (ব্যবসায় শিক্ষা) | ১০ম (বিজ্ঞান) |
| এস.এস.সি (ভোকেশনাল) | এইচএসসি (বিএম) | এস.এস.সি (ভোকেশনাল) | ১০ম (মোজাব্বিদ) |
| | স্নাতক (পাস) | একাদশ (মানবিক) | ১০ম (হিফজুল কোরআন) |
| | স্নাতক (সম্মান) | একাদশ (বিজ্ঞান) | দাখিল (ভোক) |
| | স্নাতকোত্তর | একাদশ (ব্যবসায় শিক্ষা) | এসএসসি (ভোক) |
| | | একাদশ (অন্যান্য) | একাদশ (সাধারণ) |
| | | দ্বাদশ (মানবিক) | একাদশ (বিজ্ঞান) |
| | | দ্বাদশ (বিজ্ঞান) | একাদশ (মোজাব্বিদ মাহির) |
| | | দ্বাদশ (ব্যবসায় শিক্ষা) | দ্বাদশ (সাধারণ) |
| | | দ্বাদশ (অন্যান্য) | দ্বাদশ (বিজ্ঞান) |
| | | এইচএসসি (ভোক) | দ্বাদশ (মোজাব্বিদ মাহির) |
| | | এইচএসসি (বিএম) | আলিম (ভোক) |
| | | স্নাতক (পাস) | এইচএসসি (ভোক) |
| | | স্নাতক (সম্মান) | আলিম (বিএম) |
| | | স্নাতকোত্তর | এইচএসসি (বিএম) |
| | | | ফাজিল (পাস) |
| | | | ফাজিল (সম্মান) |
| | | | কামিল |
| | | | মাস্টার্স |
| | | | ডিপ্লোমা ও সমমান |

| ৫. কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | ৬. পেশাগত প্রতিষ্ঠান | ৭. শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান | |
|---|---|---|---|
| এসএসসি (ভোক)/সমমান<br>এইচএসসি (ভোক) / সমমান<br>এইচএসসি (বিএম) / সমমান<br>ডিপ্লোমা লেভেল / সমমান<br>সার্টিফিকেট/ ৩৬০ ঘন্টা | স্নাতক (পাস) সমমান<br>স্নাতক (সম্মান) সমমান<br>স্নাতকোত্তর সমমান | বি.এড<br>বি.পি.এড<br>বি.এস.এড<br>বি.এজি.এড<br>বি.এম.টি.টি.আই<br>পি.টি.আই<br>ভি.টি.টি.আই<br>এইচ.এস.টি.আই<br>এম.এড<br>এম.পি.এড<br>অন্যান্য | |

- ৬ নং প্রশ্নে শিক্ষার্থী সম্পর্কিত তথ্য অক্টোবর ২০২১ এর হাজিরা খাতা অনুযায়ী পূরণ করতে হবে।
- রিপিটার শিক্ষার্থী: হাজিরা খাতা অনুসারে ২০২০ সালের যেসব শিক্ষার্থী ২০২১ সালেও একই শ্রেণিতে অধ্যয়নরত রয়েছে, তাদের সংখ্যা যাচাই করে রিপিটার শিক্ষার্থী চিহ্নিত করুন এবং সংখ্যা নির্দিষ্ট ঘরে লিখুন।

৭। ৭নং প্রশ্নে প্রথম কলামে শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল কক্ষ মাল্টিমিডিয়া যন্ত্রপাতি বসিয়ে নিয়মিত পাঠদান কার্যক্রম চালানো হচ্ছে, সেগুলোর সংখ্যা লিখুন।

- সচল কম্পিউটার সংখ্যা: শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবসহ অন্যান্য কাজে ব্যবহৃত সকল সচল কম্পিউটার ও ল্যাপটপ এর সংখ্যা লিখতে হবে।
- শিক্ষা প্রতিষ্ঠানের যতগুলো কম্পিউটার অথবা ল্যাপটপ শিখন-শেখানো কাজে শিক্ষক বা শিক্ষার্থীরা ব্যবহার করছেন, তার সংখ্যা চতুর্থ কলামে লিখুন।

৮। অক্টোবর ২০২১ তারিখের শিক্ষক হাজিরা অনুযায়ী প্রতিষ্ঠানে নিয়মিত নিয়োগপ্রাপ্ত ও কর্মরত স্কুল শিক্ষকের সংখ্যা ৮নং প্রশ্নের উত্তরে প্রথম কলামে লিখুন। খন্ডকালীন শিক্ষকগণ প্রথম কলামে অনর্ভুক্ত হবেন না।

- যে সকল শিক্ষকগণ নিয়মিত হিসেবে নিয়োগ পান নি কিন্তু কর্মরত আছেন বা মৌখিক নির্দেশে স্বল্প সময়ের জন্য (১ বছরের কম সময়কালীন) পাঠদান করছেন- এমন শিক্ষকদের সংখ্যা খন্ডকালীন শিক্ষক হিসেবে ২য় কলামে লিখুন।
- বি.এড, এম.এড, বি.পি.এড, বি.এজি.এড বা সমমান ডিগ্রিধারী শিক্ষকগণ পেশাগত ডিগ্রিধারী শিক্ষক (Trained) হিসেবে চিহ্নিত হবেন। তাদের সংখ্যা তৃতীয় কলামে লিখুন।

৯। ৯ এবং ৯.১ নং প্রশ্নে প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিন।

১০। ১০ নং প্রশ্নে শিক্ষা প্রতিষ্ঠানের ভৌত সুযোগ-সুবিধার ক্ষেত্রে হাঁ বা না এর বিপরীতে টিক চিহ্ন দিন। ভৌত সুযোগ-সুবিধাদি সংক্রান্ত তথ্য অবশ্যই পরিদর্শন পূর্বক পূরণ করতে হবে।

- নিরাপদ পানি বলতে বুঝাবে যে পানি আর্সেনিক ও জীবানুমুক্ত এবং বিশুদ্ধ।
- Running Water: যে সকল ওয়াসরুম/ টয়লেটে ট্যাপ আছে এবং ট্যাপ ছাড়লেই পরিস্কার পানি বের হয়ে আসে, সেটাই Running Water।
- যে সকল টয়লেটে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষক/ শিক্ষার্থী হুইল চেয়ার নিয়ে প্রবেশ করে জরুরি প্রয়োজন মেটাতে পারেন তার তথ্য ভৌত সুযোগ-সুবিধা এর ষষ্ঠ সারিতে প্রদান করুন।

১১। ১১ এবং ১১.১ প্রশ্নে কোন শিক্ষা প্রতিষ্ঠান ২০২১ সালে উল্লিখিত দশ ধরনের দুর্যোগের মধ্যে কোনো একটি দুর্যোগ কবলিত হয়ে থাকলে প্রযোজ্যটিতে টিক চিহ্ন দিন। একাধিক দুর্যোগ সংঘটিত হলে একাধিক অপশনে টিক দেওয়া যাবে।

১২। ১২ এবং ১২.১ নং প্রশ্নে প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিন।

১৩। ১৩নং প্রশ্নে উল্লিখিত কোন পদক্ষেপ গ্রহণ করে থাকলে তাতে টিক চিহ্ন দিন।

- ১৩.১ প্রশ্নে সংসদ টিভিতে সরকার কর্তৃক পরিচালিত 'আমার ঘরে, আমার স্কুল' কার্যক্রমে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণ কেমন ছিল, তা জানতে চাওয়া হয়েছে। তিনটি অপশনের মধ্যে যেটি উক্ত প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য সেটিতে টিক চিহ্ন দিন।
- ১৩.২, ১৩.৩ এবং ১৩.৩ প্রশ্নে করোনায় আক্রান্ত ও মৃত্যুবরণকারী শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারী (যদি থাকে) এর সংখ্যা লিখুন।

১৪। ২০২১ সালে বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপের তথ্য প্রদানের কাজটি যে স্থান/প্রতিষ্ঠান থেকে সম্পন্ন করা হয়েছে, সেই অপশনে টিক চিহ্ন দিন।

১৫। জরিপোত্তর যাচাই জরিপের তথ্য সঠিক ও নির্ভুল হওয়া অত্যাবশ্যকীয়।

১৬। তথ্য সংগ্রহ সম্পন্ন হলে নির্দিষ্ট স্থানে স্বাক্ষর গ্রহণ করে এবং নিজে স্বাক্ষর করে প্রতিষ্ঠান প্রধান বা তার প্রতিনিধি কে ধন্যবাদ জ্ঞাপন করুন।

১৭। জরিপোত্তর যাচাই জরিপ (PEC) এর তথ্যছক পূরণে যে কোন সহযোগিতা/ পরামর্শের জন্য যোগাযোগ করুন:

| নং | নাম | পদবি | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১। | জনাব শেখ মোঃ আলমগীর | চিফ, পরিসংখ্যান বিভাগ | ০২ ৫৫১৫১৮১৬ | ০১৭১১৫৭৬৩৩৩ |
| ২। | জনাব এস.এম কামরুল হাসান খান | স্পেশালিস্ট (পরিসংখ্যান) | ০২ ৫৫১৫২১১৫ | ০১৫৫২৩৩৯২৩১ |
| ৩। | জনাব নূর মোহাম্মদ | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫১৭৯৮ | ০১৭১০৪৮০৯৯২ |